

## কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-১১

(০১ মে ২০২৫ হতে ১৫ মে ২০২৫)

১। সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশক্রমে কারা অধিদপ্তরের ১৫ জন জেলার/কারা-উপ তত্ত্বাবধায়ককে জেল সুপার পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ায় মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় র্যাংক ব্যাজ প্রদান করেন। এছাড়াও কারা বিভাগীয় সিলেকশন বোর্ডের ০৮.০৫.২০২৫ তারিখের সভার সুপারিশক্রমে ০৭ জন সর্বপ্রধান কারারক্ষীকে 'সার্জেন্ট ইন্সট্রাক্টর' পদে পদোন্নতি প্রদান করায় মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। পরবর্তীতেও বাংলাদেশ জেল এর পদোন্নতি যোগ্য সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির এই ধারা অব্যাহত থাকবে।



০২। বাংলাদেশ জেল এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মাঝে ট্রাকসুট, ট্রাউজার কেডস বিতরণ করা হচ্ছে। পর্যায়ক্রমে সকল কর্মকর্তা-কর্মচারীদের মাঝে ট্রাকসুট, ট্রাউজার ও কেডস বিতরণ করা হবে।



০৩। ০৫/০৫/২০২৫ তারিখ অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয় ২০তম ব্যাচ পিআইইউ মৌলিক প্রশিক্ষণ কোর্স-২০২৫ এর শুভ উদ্বোধন করেন। পিআইইউ সদস্যদের নৈতিকতা, মানবিক মূল্যবোধ, আচার-আচরণ ও শিষ্টাচার বৃদ্ধির পাশাপাশি পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য এ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

০৪। খুলনা জেলা কারাগারে জেল সুপার ও জেলার এর সার্বিক সহযোগিতায় নতুন নির্মাণধীন কারাগারে স্টাফদের নিয়ে ক্রিকেট খেলার আয়োজন করা হয়। খেলায় বিজয়ী দলকে পুরস্কার প্রদান করা হয়।



০৫। কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের নিয়োগ কার্যক্রম এর প্রক্রিয়া চলমান রয়েছে। উক্ত নিয়োগ সংক্রান্তে কোন প্রকার তদবির/সুপারিশ এবং আর্থিক লেনদেনের সাথে জড়িত থাকার তথ্য পাওয়া গেলে তাদের বিরুদ্ধে কঠোরভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে কারাভ্যন্তরে কেইস টেবিল সংলগ্ন বন্দিদের মানসিক ও শারীরিক সুস্থতা বজায় রাখার উদ্দেশ্যে সিনিয়র জেল সুপার মহোদয়, জেলার মহোদয় ও ডেপুটি জেলারদের উপস্থিতিতে প্রীতি ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করা হয়। খেলায় বিজয়ী দলকে পুরস্কার প্রদান করা হয়।



৭। চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে ১ম ত্রৈমাসিক ফায়ারিং অনুশীলনে কারারক্ষী নং-২২১৪৮ মোঃ সাজ্জাদ হোসেন ১ম স্থান অর্জন করায় সম্মাননা সূচক ফ্রেস্ট পুরস্কার প্রদান করা হয়।



৮। বন্দির স্ত্রী সাথে অনৈতিক কু-প্রস্তাবের সাথে জড়িত থাকায় রাজশাহী কেন্দ্রীয় কারাগারে সর্বপ্রধান কারারক্ষী জনাব মোঃ বদরুজ্জামান শিকদার, অসদাচরণ ও দায়িত্ব-কর্তব্য অবহেলার কারণে গাজীপুর জেলা কারাগারের গাড়ী চালক জনাব মোঃ সাইফুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। এছাড়াও শৃঙ্খলা জনিত কারণে কারা প্রশিক্ষণ কেন্দ্রের মহিলা প্রশিক্ষণার্থী বক্ষ নং ৫১১ মোসাঃ লিজা, নিজ জেলা শেরপুর, মহিলা প্রশিক্ষণার্থী বক্ষ নং ৫০৪ মোসাঃ কামরুনাহার, নিজ জেলা কুমিল্লা, শৃঙ্খলা ভঙ্গের কারণে চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগারে কারারক্ষী নং ৩২৬৬৫ মারুফ হোসেনকে সরকারী চাকুরি হতে বহিষ্কার করা হয়েছে।

০৯। শৃঙ্খলা ভঙ্গের কারণে সিলেট মেট্রোপলিটন কারাগারের কারারক্ষী নং ২২৬৮০ সাদ্দম হোসেন, অবৈধ অর্থ গ্রহণ করায় ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ কারারক্ষী নং ০০৬৩৪ আব্দুল কাইয়ুম ও কারারক্ষী নং ০৭২৪০ গৌবিন্দ চন্দ্র, কক্সবাজার জেলা কারাগারের কারারক্ষী নং ২২৯১৮ মিজানুর রহমান, বন্দি আত্মীয় বাসায় গিয়ে অবৈধ সম্পর্ক স্থাপনের জন্য ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারের কারারক্ষী নং ২৩০৬২ বিজয় চন্দ্র সুত্রধরকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়।

১০। শৃঙ্খলা ভঙ্গের কারণে কারা প্রশিক্ষণ কেন্দ্রের সহকারী প্রশিক্ষক কারারক্ষী নং ১৫০০৮ মোঃ ফরহাদ হোসেন ও কারারক্ষী নং ২৩৪৭৮ মোঃ নেছার আহমেদ, লক্ষ্মীপুর জেলা কারাগারের কারারক্ষী নং ২২৯৪৫ আমির হামজা, গোপালগঞ্জ জেলা কারাগারের কারারক্ষী নং ১৫০০২ নাজমুল ইসলাম, বন্দি পালানোর চেষ্টা ও দায়িত্ব ও কর্তব্য অবহেলা কারণে নোয়াখালী জেলা কারাগারের কারারক্ষী নং ২৩১৭৭ শরিফ হোসেন ও কারারক্ষী নং ২৩২৫৬ মোঃ সোলাইমানকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের এ সকল কর্মকান্ড হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।

